

বিষয়ঃ ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের আওতায় ২০১৭-১৮ অর্থ বছরের এডিপিভুক্ত প্রকল্পসমূহের অক্টোবর ২০১৭ মাসের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা সভার কার্যবিবরণী।

৩০/১১/২০১৭ তারিখে ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের সভাকক্ষে ২০১৭-১৮ অর্থবছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচিভুক্ত প্রকল্পসমূহের অক্টোবর ২০১৭ মাসের বাস্তবায়ন অগ্রগতির পর্যালোচনা সভা অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের ভারপ্রাপ্ত সচিব জনাব মো: আনিছুর রহমান।

২। সভায় উপস্থিত কর্মকর্তাবৃন্দের তালিকা পরিশিষ্ট 'ক' তে সংযোজিত।

৩। সভাপতি তাঁর সূচনা বক্তব্যে উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভায় অবহিত করা হয় যে, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের সেপ্টেম্বর ২০১৭ মাসের প্রকল্প পর্যালোচনা সভা ৩১/১০/২০১৭ তারিখে অনুষ্ঠিত হয়। সভার কার্যবিবরণী ১৪/১১/২০১৭ তারিখে জারি করা হয়েছে। উক্ত কার্যবিবরণীর বিষয়ে কোন আপত্তি না থাকায় তা সভায় দৃঢ়ীকরণ করা হয়। সভাকে আরো অবহিত করা হয় যে, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের আওতায় চলতি ২০১৭-১৮ অর্থবছরের এডিপিতে ০৫টি অনুমোদিত, ০২টি নতুন অনুমোদিত এবং ১৫টি অননুমোদিত প্রকল্প অন্তর্ভুক্ত রয়েছে। ২০১৭-১৮ অর্থবছরে অনুমোদিত প্রকল্পসমূহের অনুকূলে বরাদ্দ রয়েছে ৩৩৩২৭.০০ লক্ষ টাকা এবং খোঁক বরাদ্দ রয়েছে ১০৯৬৩.০০ লক্ষ টাকা। অক্টোবর, ২০১৭ পর্যন্ত অবমুক্ত হয়েছে ৮৪৮৭.৮২ লক্ষ টাকা (২৫.৪৬%) এবং উক্ত সময় পর্যন্ত ব্যয় হয়েছে ৮০৯৫.৩৯ লক্ষ টাকা (২৪.২৯%)। অতঃপর সভায় নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয় :

ক্রঃনং	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়ন কর্তৃপক্ষ
৩.১	<p><b>মসজিদ ভিত্তিক শিশু ও গণশিক্ষা কার্যক্রম-৬ষ্ঠ পর্যায় (১ম সংশোধিত) প্রকল্প</b></p> <p>সভায় জানানো হয় যে, “মসজিদ ভিত্তিক শিশু ও গণশিক্ষা কার্যক্রম-৬ষ্ঠ পর্যায় (১ম সংশোধিত)” শীর্ষক প্রকল্পের চাহিদা অনুযায়ী চলতি অর্থবছরের এডিপিতে বরাদ্দ পাওয়া যায়নি। অতিরিক্ত অর্থ বরাদ্দ পাওয়া না গেলে শিক্ষকদের সম্মানী যথাসময়ে প্রদান করা সম্ভব হবে না। সভাপতি সংশোধিত এডিপিতে অতিরিক্ত বরাদ্দের জন্য প্রচেষ্টা গ্রহণ এবং অর্থবছরের শেষ পর্যায়ে অন্য কোন মন্ত্রণালয়/বিভাগ জিওবি অর্থ সমর্পণ করতে চাইলে, সেক্ষেত্রে বিবেচ্য প্রকল্পের অনুকূলে উক্ত বরাদ্দ প্রদানের জন্য পরিকল্পনা কমিশনের সাথে যোগাযোগ রাখার নির্দেশনা প্রদান করেন। সভায় প্রকল্পের তৃতীয় কিস্তির অর্থ ছাড়ের প্রস্তাব প্রেরণ এবং প্রকল্পের আওতায় ছাত্র/ছাত্রী ও শিক্ষকদের ডাটা-বেইজ করার জন্য যে সফটওয়্যার তৈরির উদ্যোগ গ্রহণ করা হয়েছে, সে বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। সভায় ডাটা-বেইজে ছাত্র/ছাত্রী ও শিক্ষকদের সংক্ষিপ্ত তথ্য প্রদান এবং তথ্য হালনাগাদকরণ কার্যক্রম সহজিকরণের পরামর্শ প্রদান করা হয়। এক্ষেত্রে শিক্ষক/শিক্ষিকার তথ্য ডাটা-বেইজে অন্তর্ভুক্তকরণ এবং জানুয়ারি ২০১৮ তে আগামী শিক্ষাবর্ষের ছাত্র/ছাত্রীদের তথ্য ডাটা-বেইজে অন্তর্ভুক্ত করা যেতে পারে মর্মে অভিমত ব্যক্ত করা হয়। এছাড়া, সভায় ডিপিপি'র প্রতিশন অনুযায়ী ডিসেম্বর মাসে প্রকল্পের স্টিয়ারিং কমিটির সভা আহবানের ওপর গুরুত্বারোপ করা হয়।</p>	<p>ক) “মসজিদ ভিত্তিক শিশু ও গণশিক্ষা কার্যক্রম-৬ষ্ঠ পর্যায় (১ম সংশোধিত)” শীর্ষক প্রকল্পের অনুকূলে সংশোধিত এডিপিতে অতিরিক্ত বরাদ্দের জন্য প্রচেষ্টা গ্রহণ এবং অর্থবছরের শেষ পর্যায়ে অন্য কোন মন্ত্রণালয়/বিভাগ জিওবি অর্থ সমর্পণ করতে চাইলে, সেক্ষেত্রে বিবেচ্য প্রকল্পের অনুকূলে উক্ত বরাদ্দ প্রদানের জন্য পরিকল্পনা কমিশনের সাথে যোগাযোগ রাখতে হবে। এছাড়া, প্রকল্পের তৃতীয় কিস্তির অর্থ ছাড়ের প্রস্তাব করতে হবে।</p> <p>খ) শিক্ষা কেন্দ্রসমূহের ছাত্র-ছাত্রীদের নাম-ঠিকানা সম্বলিত ডাটা -বেইজে ছাত্র/ছাত্রী ও শিক্ষকদের সংক্ষিপ্ত তথ্য প্রদান এবং তথ্য হালনাগাদকরণ কার্যক্রম সহজিকরণ করতে হবে। চলতি অর্থবছরে শুধু শিক্ষা কেন্দ্র এবং শিক্ষক/শিক্ষিকার তথ্য এবং জানুয়ারি ২০১৮ তে আগামী শিক্ষাবর্ষের ছাত্র/ছাত্রীদের তথ্য ডাটা-বেইজে অন্তর্ভুক্ত করা যেতে পারে।</p> <p>গ) ডিসেম্বর মাসে প্রকল্পের স্টিয়ারিং কমিটির সভা ডাকতে হবে।</p>	<p>ক) ধর্ম বিষয়ক মন্ত্রণালয় এবং মহাপরিচালক, ইসলামিক ফাউন্ডেশন ও প্রকল্প পরিচালক</p> <p>খ) প্রকল্প পরিচালক</p> <p>গ) মহাপরিচালক, ইসলামিক ফাউন্ডেশন</p>
৩.২	<p><b>মসজিদ পাঠাগার সম্প্রসারণ ও শক্তিশালীকরণ-২য় পর্যায় প্রকল্প</b></p> <p>সভায় জানানো হয় যে, প্রকল্পটির উপর পরিকল্পনা কমিশনে ৩০/১০/২০১৭ তারিখে পিইসি সভা অনুষ্ঠিত হয়েছে। সভায় প্রকল্পটি সুপারিশ করা হয়েছে। পিইসি সভার সিদ্ধান্ত অনুযায়ী দ্রুত পুনর্গঠিত ডিপিপি পরিকল্পনা কমিশনে প্রেরণের ওপর গুরুত্বারোপ করা হয়।</p>	<p>প্রকল্পের পিইসি সভার সিদ্ধান্ত অনুযায়ী দ্রুত পুনর্গঠিত ডিপিপি পরিকল্পনা কমিশনে প্রেরণ করতে হবে।</p>	<p>ধর্ম বিষয়ক মন্ত্রণালয় ও মহাপরিচালক, ইসলামিক ফাউন্ডেশন</p>

<p>৩.৩</p>	<p><b>ইসলামী পুস্তক প্রকাশনা কার্যক্রম-২য় পর্যায় প্রকল্প</b> সভায় জানানো হয় যে, প্রকল্পের জনবল নিয়োগ সম্পন্ন করার লক্ষ্যে নিয়োগ কমিটির সভা অনুষ্ঠিত হয়েছে। সভার সিদ্ধান্ত অনুযায়ী নিয়োগ পরীক্ষার সম্ভব্য তারিখ ০৯/১২/২০১৭। সভাকে আরো অবহিত করার হয় যে, প্রকল্পের লক্ষ্যমাত্রা অনুযায়ী পুস্তক মুদ্রণ কার্যক্রম চলমান রয়েছে। সিনিয়র সহকারী প্রধান সভাকে অবহিত করেন যে, মোট প্রকল্প ব্যয়ের অর্ধেক জিওবি এবং অর্ধেক সংস্থার নিজস্ব অর্থায়নে। সভাপতি পরবর্তী সভা হতে নিজস্ব অর্থে বাস্তবায়নযোগ্য কাজের আর্থিক ও বাস্তব অগ্রগতি সভায় উপস্থাপনের নির্দেশনা প্রদান করেন এবং নিজস্ব অর্থায়নে যে সকল কাজ করার প্রতিশ্রুতি রয়েছে তা সম্পাদন করার জন্য প্রয়োজনীয় অর্থ বরাদ্দের জন্য ইসলামিক ফাউন্ডেশনকে অনুরোধ জানান।</p>	<p>ক) প্রকল্পের আওতায় নিয়োগ কার্যক্রম সম্পন্ন করার জন্য যথাযথ ব্যবস্থা গ্রহণ করতে হবে। খ) পরবর্তী সভা হতে নিজস্ব অর্থে বাস্তবায়নযোগ্য কাজের আর্থিক ও বাস্তব অগ্রগতি সভায় উপস্থাপন করতে হবে। গ) নিজস্ব অর্থায়নে যে সকল কাজ করার প্রতিশ্রুতি রয়েছে তা সম্পাদন করার জন্য প্রয়োজনীয় অর্থ বরাদ্দ করতে হবে।</p>	<p>ক) প্রকল্প পরিচালক খ) প্রকল্প পরিচালক গ) মহাপরিচালক, ইসলামিক ফাউন্ডেশন</p>
<p>৩.৪</p>	<p><b>ইসলামিক ফাউন্ডেশনের জাতীয় পর্যায় ও জেলা লাইব্রেরীতে পুস্তক সংযোজন ও পাঠক সেবা কার্যক্রম সম্প্রসারণ প্রকল্প</b> সভায় প্রকল্পের আওতায় পুস্তক স্ক্যানিং, ডাটা-বেইজ ও সফটওয়্যার তৈরির বিষয়ে বিস্তারিত আলোচনা হয় এবং স্টিয়ারিং কমিটির সিদ্ধান্ত অনুযায়ী পুস্তক স্ক্যানিং, ডাটা-বেইজ ও সফটওয়্যার তৈরির দরপত্র আহবানের পরামর্শ প্রদান করা হয়।</p>	<p>প্রকল্পের পুস্তক স্ক্যানিং, ডাটা-বেইজ ও সফটওয়্যার তৈরির দরপত্র আহবান করতে হবে।</p>	<p>প্রকল্প পরিচালক</p>
<p>৩.৫</p>	<p><b>প্রতিটি জেলা ও উপজেলায় একটি করে ৫৬০টি মডেল মসজিদ ও ইসলামিক সাংস্কৃতিক কেন্দ্র স্থাপন প্রকল্প</b> মডেল মসজিদের নকশা ভেটিং করানো, স্থান নির্বাচন সংক্রান্ত কমিটির সভা আহবান করে স্থান নির্বাচন চূড়ান্ত করা এবং প্রাথমিক পর্যায়ে জিওবি অর্থায়নে ১০০ মসজিদ নির্মাণ করার বিষয়ে আলোচনা হয়।</p>	<p>ক) প্রতিটি জেলা ও উপজেলায় একটি করে ৫৬০টি মডেল মসজিদ ও ইসলামিক সাংস্কৃতিক কেন্দ্র স্থাপন প্রকল্পের মডেল মসজিদের নকশা স্থাপত্য অধিদপ্তর কর্তৃক ভেটিং করতে হবে। খ) স্থান নির্বাচন সংক্রান্ত কমিটির সভা আহবান করে স্থান নির্বাচন চূড়ান্ত করতে হবে।</p>	<p>ক) মহাপরিচালক, ইসলামিক ফাউন্ডেশন ও প্রকল্প পরিচালক খ) ধর্ম বিষয়ক মন্ত্রণালয়</p>
<p>৩.৬</p>	<p><b>মন্দির ভিত্তিক শিশু ও গণশিক্ষা কার্যক্রম-৫ম পর্যায় প্রকল্প</b> সভায় জানানো হয় যে, প্রকল্পের পুনর্গঠিত ডিপিপি ২২/১১/২০১৭ তারিখে পরিকল্পনা কমিশনে প্রেরণ করা হয়েছে। প্রকল্পটি অনুমোদনের লক্ষ্যে পরিকল্পনা কমিশনের সাথে যোগাযোগ রক্ষা করার প্রয়োজন।</p>	<p>মন্দির ভিত্তিক শিশু ও গণশিক্ষা কার্যক্রম-৫ম পর্যায় প্রকল্পটি অনুমোদনের লক্ষ্যে পরিকল্পনা কমিশনের সাথে যোগাযোগ রক্ষা করতে হবে।</p>	<p>ধর্ম বিষয়ক মন্ত্রণালয় ও সচিব, হিন্দু ধর্মীয় কল্যাণ ট্রাস্ট</p>
<p>৩.৭</p>	<p><b>ধর্মীয় এবং আর্থ-সামাজিক প্রেক্ষাপটে পুরোহিত ও সেবাইতদের দক্ষতা বৃদ্ধিকরণ প্রকল্প</b> সভায় সংশোধিত অনুমোদিত প্রকল্প অনুযায়ী প্রশিক্ষণ কার্যক্রম অব্যাহত রাখা এবং অতিরিক্ত বরাদ্দের জন্য পরিকল্পনা কমিশনের সাথে প্রয়োজনীয় যোগাযোগ রাখার বিষয়ে গুরুত্বারোপ করা হয়।</p>	<p>ক) প্রকল্পের সংশোধিত অনুমোদিত ডিপিপি অনুযায়ী প্রশিক্ষণ কার্যক্রম অব্যাহত রাখতে হবে। খ) প্রকল্পের অতিরিক্ত বরাদ্দের জন্য পরিকল্পনা কমিশনের সাথে প্রয়োজনীয় যোগাযোগ রাখতে হবে।</p>	<p>ক) প্রকল্প পরিচালক খ) প্রকল্প পরিচালক</p>

৩.৮	<p><u>প্যাগোডা ভিত্তিক প্রাক-প্রাথমিক শিক্ষা প্রকল্প</u> সভায় অনুমোদিত ডিপিপি'র প্রভিশন অনুযায়ী ওয়ার্কশপ ও প্রকল্প মূল্যায়ন কার্যক্রম ডিসেম্বর'১৭ এর মধ্যে সম্পন্ন করার উপর গুরুত্বারোপ করা হয়। এছাড়া, প্রস্তাবিত ২য় পর্যায়ের প্রকল্পটি অনুমোদনের লক্ষ্যে প্রয়োজনীয় কার্যক্রম অব্যাহত রাখার জন্য সভায় অনুরোধ জানানো হয়।</p>	<p>ক) অনুমোদিত ডিপিপি'র প্রভিশন অনুযায়ী ওয়ার্কশপ ও প্রকল্প মূল্যায়ন কার্যক্রম ডিসেম্বর'১৭ এর মধ্যে সম্পন্ন করতে হবে। খ) প্রকল্পটির ২য় পর্যায়ের ডিপিপি অনুমোদনের লক্ষ্যে প্রয়োজনীয় কার্যক্রম অব্যাহত রাখতে হবে।</p>	<p>ক) প্রকল্প পরিচালক খ) ধর্ম বিষয়ক মন্ত্রণালয় ও সচিব, বৌদ্ধ ধর্মীয় কল্যাণ ট্রাস্ট</p>
৩.৯	<p><u>৩টি পার্বত্য জেলায় ইসলামিক মিশন হাসপাতাল স্থাপন ও সেবা কার্যক্রম সম্প্রসারণ প্রকল্প</u> সভায় জানানো হয় যে, ইসলামিক ফাউন্ডেশনের ইসলামিক মিশন বিভাগের রাজস্ব বাজেটের আওতায় বাংলাদেশের প্রত্যন্ত অঞ্চলে আর্থ-সামাজিক উন্নয়ন ও স্বাস্থ্য সেবা কার্যক্রম বাস্তবায়ন করা হচ্ছে। ৩টি পার্বত্য জেলার ২৩টি উপজেলায় ইসলামিক মিশন সেন্টার স্থাপনের বিষয়ে গত ১৫/১০/২০১২ তারিখে ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের একটি প্রশাসনিক মঞ্জুরি রয়েছে। কিন্তু পরিকল্পনা কমিশনের এডিপি বইয়ে ৩ পার্বত্য জেলার ইসলামিক মিশন হাসপাতাল স্থাপন করার বিষয়টি অন্তর্ভুক্ত থাকায় এতদসংক্রান্ত একটি প্রকল্প প্রণয়ন করা হয়। হাসপাতাল স্থাপন করার জন্য প্রয়োজনীয় জমি রাজস্বমাটি জেলায় পাওয়া যায়নি। খাগড়াছড়ি জেলায় জমি পাওয়া গেলেও তা বর্ডার গার্ড বাংলাদেশ (বিজিবি)-এর চলমান হাসপাতাল সন্নিকটবর্তী একটি স্থান। জনগণের স্বাস্থ্য সেবা নিশ্চিতকরণের লক্ষ্যে পাশাপাশি দুটি হাসপাতাল থাকা সমীচীন নয়। প্রকৃতপক্ষে হাসপাতাল নির্মাণ করার চেয়ে উপজেলা পর্যায়ে ২৩টি মিশন সাবসেন্টার স্থাপন করা হলে তৃণমূল পর্যায়ে প্রত্যন্ত অঞ্চলের জনসাধারণকে অধিকতর সেবা প্রদান করা সম্ভব হবে। এক্ষেত্রে উপজেলা পর্যায়ে ২৩টি মিশন সাবসেন্টার স্থাপন প্রকল্প প্রণয়ন করাই অধিকতর যুক্তিযুক্ত বলে প্রতীয়মান হয়। সভাপতি প্রাথমিক পর্যায়ে পার্বত্য অঞ্চলে ১০/১২টি সাব-সেন্টার নির্মাণ, নতুন চালুকৃত ৫টি মিশনের জন্য ভবন নির্মাণ এবং পুরাতন মিশনসমূহ সংস্কার ও মেরামতের জন্য একটি প্রকল্প গ্রহণের পরামর্শ প্রদান করেন।</p>	<p>প্রাথমিক পর্যায়ে পার্বত্য অঞ্চলে ১০/১২টি সাব-সেন্টার নির্মাণ, নতুন চালুকৃত ৫টি মিশনের জন্য ভবন নির্মাণ এবং পুরাতন মিশনসমূহ সংস্কার ও মেরামতের জন্য একটি প্রকল্প গ্রহণ করা যেতে পারে।</p>	<p>মহাপরিচালক, ইসলামিক ফাউন্ডেশন</p>
৩.১০	<p><u>গোপালগঞ্জ ইসলামিক মিশন স্বাস্থ্যসেবা এবং ইমাম প্রশিক্ষণ কমপ্লেক্স স্থাপন প্রকল্প</u> সভায় জানানো হয় যে, প্রকল্পটির ওপর অনুষ্ঠিত পিইসি সভার সিদ্ধান্ত অনুযায়ী ডিপিপি পুনর্গঠন করে ১৯/১০/২০১৭ তারিখে পরিকল্পনা কমিশনে প্রেরণ করা হয়েছে। বর্তমানে প্রকল্পটি অনুমোদনার্থে পরিকল্পনা কমিশনে প্রক্রিয়াধীন আছে। সভাপতি প্রকল্পটি দ্রুততার সাথে অনুমোদনের লক্ষ্যে পরিকল্পনা কমিশনের সাথে যোগাযোগ রক্ষার নির্দেশনা প্রদান করেন।</p>	<p>প্রকল্পটি দ্রুততার সাথে অনুমোদনের লক্ষ্যে পরিকল্পনা কমিশনের সাথে যোগাযোগ রক্ষা করতে হবে।</p>	<p>ধর্ম বিষয়ক মন্ত্রণালয় ও মহাপরিচালক, ইসলামিক ফাউন্ডেশন</p>
৩.১১	<p><u>সিরতা, ময়মনসিংহ ও কালকিনি, মাদারীপুর ইসলামিক মিশন হাসপাতাল কমপ্লেক্স ভবন নির্মাণ এবং বায়তুল মোকাররম ডায়গনোস্টিক সেন্টার শক্তিশালীকরণ প্রকল্প</u> সভায় জানানো হয় যে, প্রকল্পের পুনর্গঠিত ডিপিপি ১৬/১১/২০১৭ তারিখে পরিকল্পনা কমিশনে প্রেরণ করা হয়েছে। প্রকল্পটি অনুমোদনের লক্ষ্যে পরিকল্পনা কমিশনের সাথে যোগাযোগ রক্ষা করার প্রয়োজন।</p>	<p>সিরতা, ময়মনসিংহ ও কালকিনি, মাদারীপুর ইসলামিক মিশন হাসপাতাল কমপ্লেক্স ভবন নির্মাণ এবং বায়তুল মোকাররম ডায়গনোস্টিক সেন্টার শক্তিশালীকরণ প্রকল্পটি অনুমোদনের লক্ষ্যে পরিকল্পনা কমিশনের সাথে যোগাযোগ রক্ষা করতে হবে।</p>	<p>মহাপরিচালক, ইসলামিক ফাউন্ডেশন</p>

<p>৩.১২</p>	<p><b>ইমাম প্রশিক্ষণ একাডেমী কমপ্লেক্স নির্মাণ প্রকল্প (কুমিল্লা মডেল ও ময়মনসিংহ)</b> সভায় জানানো হয় যে, প্রকল্পটি এখনও মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়নি। এ বিষয়ে পরিচালক (পরিকল্পনা), ইসলামিক ফাউন্ডেশন সভাকে জানান যে, ময়মনসিংহ এবং কুমিল্লায় ইমাম প্রশিক্ষণ একাডেমী ও বিভাগীয় অফিস স্থাপন প্রকল্পের ডিপিপি একত্রে প্রণয়ন করে মন্ত্রণালয়ে প্রেরণ করা হবে। স্থাপত্য অধিদপ্তর কর্তৃক নকশা প্রণয়ন করা হচ্ছে। সভাপতি স্থাপত্য অধিদপ্তর কর্তৃক নকশা প্রণয়ন কার্যক্রম দ্রুত সম্পন্ন করা এবং এ বিষয়ে ইসলামিক ফাউন্ডেশনকে প্রয়োজনীয় যোগাযোগ রাখার নির্দেশনা প্রদান করেন।</p>	<p>স্থাপত্য অধিদপ্তর কর্তৃক আলোচ্য প্রকল্পের নকশা প্রণয়ন কার্যক্রম দ্রুত সম্পন্ন করতে হবে এবং এ বিষয়ে ইসলামিক ফাউন্ডেশনকে প্রয়োজনীয় যোগাযোগ রাখতে হবে।</p>	<p>স্থাপত্য অধিদপ্তর ও মহাপরিচালক, ইসলামিক ফাউন্ডেশন</p>
<p>৩.১৩</p>	<p><b>জমিয়াতুল ফালাহ মসজিদ সম্প্রসারণ প্রকল্প</b> সভায় জানানো হয় যে, জমিয়াতুল ফালাহ মসজিদ সম্প্রসারণ প্রকল্পের মাস্টার প্ল্যান প্রণয়নের জন্য গঠিত কমিটি ০৪.১০.২০১৭ তারিখে প্রকল্পটি পরিদর্শন করেছে। কমিটি প্রতিবেদন দাখিল করেছে।</p>	<p>জমিয়াতুল ফালাহ মসজিদ সম্প্রসারণ প্রকল্পের মাস্টার প্ল্যান প্রণয়নের জন্য গঠিত কমিটির প্রতিবেদন অনুযায়ী পদক্ষেপ গ্রহণ করতে হবে।</p>	<p>ধর্ম বিষয়ক মন্ত্রণালয় ও মহাপরিচালক, ইসলামিক ফাউন্ডেশন</p>
<p>৩.১৪</p>	<p><b>বাংলাদেশ ওয়াকফ প্রশাসনের নিজস্ব অর্থায়নে ২০ তলা ভিত বিশিষ্ট ২ টি বেজমেন্ট ফ্লোরসহ ৫ তলা ওয়াকফ ভবনের উর্ধ্বমুখী ৬ষ্ঠ, ৭ম ও ৮ম তলা নির্মাণ প্রকল্প</b> সভায় জানানো হয় যে, আলোচ্য প্রকল্পের দরপত্র অতিশীঘ্রই আহবান করা হবে।</p>	<p>আলোচ্য প্রকল্পের বাস্তব নির্মাণ কাজ শুরু করার জন্য দরপত্র অতিশীঘ্রই আহবান করতে হবে।</p>	<p>ওয়াকফ প্রশাসক</p>
<p>৩.১৫</p>	<p><b>আন্দরকিল্লা শাহী জামে মসজিদ কমপ্লেক্স পুনঃনির্মাণ প্রকল্প</b> সভায় জানানো হয় যে, আন্দরকিল্লা শাহী জামে মসজিদ কমপ্লেক্স পুনঃনির্মাণ প্রকল্পের জন্য গঠিত কমিটি ০৪.১০.২০১৭ তারিখে প্রকল্পটি পরিদর্শন করেছে। কমিটি প্রতিবেদন দাখিল করেছে।</p>	<p>আন্দরকিল্লা শাহী জামে মসজিদ কমপ্লেক্স পুনঃনির্মাণ প্রকল্পের জন্য গঠিত কমিটির প্রতিবেদন অনুযায়ী পদক্ষেপ গ্রহণ করতে হবে।</p>	<p>ধর্ম বিষয়ক মন্ত্রণালয় ও মহাপরিচালক, ইসলামিক ফাউন্ডেশন</p>
<p>৩.১৬</p>	<p><b>হাফেজদের জন্য শিক্ষা কারিকুলাম প্রণয়ন ও সমন্বিত ইসলামি শিক্ষা কার্যক্রম চালুকরণ প্রকল্প</b> সভায় জানানো হয় যে, প্রকল্পটির ডিপিপি মন্ত্রণালয়ে পাওয়া গেছে। যাচাই কমিটির সভা অতিশীঘ্রই অনুষ্ঠিত হবে।</p>	<p>“হাফেজদের জন্য শিক্ষা কারিকুলাম প্রণয়ন ও সমন্বিত ইসলামি শিক্ষা কার্যক্রম চালুকরণ” শীর্ষক প্রকল্পের যাচাই কমিটির সভা অনুষ্ঠানের জন্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে।</p>	<p>ধর্ম বিষয়ক মন্ত্রণালয় ও মহাপরিচালক, ইসলামিক ফাউন্ডেশন</p>
<p>৩.১৭</p>	<p><b>বিবিধ :</b> সভায় ধর্ম বিষয়ক মন্ত্রণালয় ও সংস্থার কর্মকর্তাগণ কর্তৃক প্রকল্পের ও সংস্থার কার্যক্রম সরেজমিনে পরিদর্শনের ওপর গুরুত্বারোপ করা হয়। এক্ষেত্রে ছুটির দিনসহ একটি কর্মদিবস সফরের জন্য ব্যবহার করা যেতে পারে মর্মে অভিমত ব্যক্ত করা হয়।</p>	<p>ধর্ম বিষয়ক মন্ত্রণালয় ও সংস্থার কর্মকর্তাগণ কর্তৃক প্রকল্পের ও সংস্থার কার্যক্রম সরেজমিনে পরিদর্শন করতে হবে। এক্ষেত্রে ছুটির দিনসহ একটি কর্মদিবস সফরের জন্য ব্যবহার করা যেতে পারে।</p>	<p>ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, সংস্থা প্রধান(সকল) এবং প্রকল্প পরিচালক (সকল)</p>

অনুলিপিঃ জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)।

- ০১। সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০২। ভারপ্রাপ্ত সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা [দৃঃ আঃ যুগ্মসচিব, বাজেট-০৭]।
- ০৩। অতিরিক্ত সচিব (প্রশাসন), ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০৪। মহাপরিচালক, ইসলামিক ফাউন্ডেশন, আগারগাঁও, ঢাকা।
- ০৫। ওয়াকফ প্রশাসক, ওয়াকফ প্রশাসকের কার্যালয়, ৪, নিউ স্কাটন, ঢাকা।
- ০৬। প্রধান প্রকৌশলী, গণপূর্ত অধিদপ্তর, সেগুন বাগিচা, ঢাকা।  
[দৃ: আ: জনাব হাসনাত সাবরিনা, নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত প্রকল্প সার্কেল-২]।
- ০৭। প্রধান স্থপতি, স্থাপত্য অধিদপ্তর, সেগুন বাগিচা, ঢাকা  
[দৃ: আ: জনাব সৈয়দ রেজাউল মোর্শেদ, সহকারী প্রধান স্থপতি, স্থাপত্য অধিদপ্তর সার্কেল-১, বিভাগ-৩]।
- ০৮। যুগ্ম-সচিব( হজ্জ/সংস্কার/উন্নয়ন), ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০৯। মহাপরিচালক, শিক্ষা ও সামাজিক সেক্টর, শেরে বাংলা নগর, ঢাকা।
- ১০। যুগ্ম-প্রধান-২, কার্যক্রম বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা।
- ১১। যুগ্ম-প্রধান, শিক্ষা উইং, পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা।
- ১২। পরিচালক-১০, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
- ১৩। উপসচিব (উন্নয়ন/বাজেট), ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ১৪। মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ১৫। প্রকল্প পরিচালক, মসজিদ ভিত্তিক শিশু ও গণশিক্ষা কার্যক্রম-৬ষ্ঠ পর্যায় প্রকল্প, ইসলামিক ফাউন্ডেশন, ঢাকা
- ১৬। প্রকল্প পরিচালক, “প্রতি জেলা ও উপজেলায় একটি করে ৫৬০টি মডেল মসজিদ ও ইসলামিক সাংস্কৃতিক কেন্দ্র স্থাপন” শীর্ষক প্রকল্প, ইসলামিক ফাউন্ডেশন, ঢাকা।
- ১৭। প্রকল্প পরিচালক, “মন্দির ভিত্তিক শিশু ও গণশিক্ষা কার্যক্রম-৪র্থ পর্যায়” শীর্ষক প্রকল্প, ঢাকা।
- ১৮। প্রকল্প পরিচালক “প্যাগোডা ভিত্তিক প্রাক-প্রাথমিক শিক্ষা” শীর্ষক প্রকল্প,  
জোবেদা ভিলা (২য় তলা), ৬৭/৪, এ পাইওনিয়ার রোড, কাকরাইল, ঢাকা।
- ১৯। প্রকল্প পরিচালক, “ধর্মীয় ও আর্থ-সামাজিক প্রেক্ষাপটে পুরোহিত ও সেবাইতদের দক্ষতাবৃদ্ধিকরণ”  
শীর্ষক প্রকল্প, ৮৮২ (২য় তলা), শহীদবাগ, শাহজাহানপুর, ঢাকা।
- ২০। প্রকল্প পরিচালক, মসজিদ পাঠাগার সম্প্রসারণ ও শক্তিশালীকরণ প্রকল্প, ইসলামিক ফাউন্ডেশন, ঢাকা।
- ২১। প্রকল্প পরিচালক, ইসলামী পুস্তক প্রকাশনা কার্যক্রম-২য় পর্যায় প্রকল্প, ইসলামিক ফাউন্ডেশন, ঢাকা।
- ২২। প্রকল্প পরিচালক, “ইসলামিক ফাউন্ডেশনের জাতীয় পর্যায় ও জেলা লাইব্রেরীতে পুস্তক সংযোজন ও পাঠক সেবা কার্যক্রম সম্প্রসারণ” শীর্ষক প্রকল্প, ইসলামিক ফাউন্ডেশন, ঢাকা।
- ২৩। সচিব, হিন্দু/বৌদ্ধ ধর্মীয় কল্যাণ ট্রাস্ট, ঢাকা।
- ২৪। পরিচালক, পরিকল্পনা বিভাগ, ইসলামিক ফাউন্ডেশন, আগারগাঁও, ঢাকা।
- ২৫। ভারপ্রাপ্ত সচিব মহোদয়ের একান্ত সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলা দেশ সচিবালয়, ঢাকা।
- ২৬। সিনিয়র তথ্য কর্মকর্তা, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২৭। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, সচিবালয় ভবন ৩য় ফেজ, সেগুন বাগিচা, ঢাকা।
- ২৮। সহকারী প্রোগ্রামার, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সভার কার্যবিবরণীটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধ করা হ'ল)।
- ২৯। অফিস কপি/মাস্টার কপি।

সভার সিদ্ধান্তের  
বাস্তবায়ন অগ্রগতি  
আগামী ১৭/১২/১৭  
তারিখের মধ্যে ই-  
মেইল এবং  
হার্ডকপি বিনা  
ব্যর্থতায় মন্ত্রণালয়ে  
প্রেরণের জন্য  
অনুরোধ করা হ'ল।

শেখ শামছুর রহমান  
সিনিয়র সহকারী প্রধান  
ফোন : ৯৫৭৭২৩৭।